

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহের জাতীয় শুদ্ধাচার বৈশল বাস্তবায়নের লক্ষ্যে সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২য় প্রান্তিকের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোছাঃ আলিয়া ফেরদৌস জাহান, পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
সভার তারিখ : ১৬/১১/২০২৩
সময় : সকাল ১২.০০ টা
সভার স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট – “ক”

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১.	সিটিজেনস চার্টার হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় ত্রৈমাসিকে হালনাগাদ করতে হবে।
২.	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক, ওয়েবসাইটে সেবাপ্রাপ্তির নির্দিষ্ট স্থান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	(১) পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে। (২) সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক উল্লেখ করতে হবে এবং এইচটিএমএল লিংকে সংশ্লিষ্ট ফর্মটি সিটিজেনস চার্টার এর নির্দিষ্ট অংশে সরবরাহ করতে হবে।
৩.	সিটিজেনস চার্টারের সেবা বক্সে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন আছে কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ওয়েব পোর্টালে সিটিজেনস চার্টারের সেবা বক্সে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন নিয়মিত দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। উপস্থিত সকল কর্মকর্তাকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কাজে মনোযোগী হওয়ার আহ্বান জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।



(মোছাঃ আলিয়া ফেরদৌস জাহান)
পরিচিতি নং ১৫৯৪৪
পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।